


77-115

Schedule A - 484

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
28/07/05

No - 088149 8 28/07/05
Rs. 16200/

250

॥ ৪০,০০০ টাকার সাফ বিক্রয় কোবালা ॥
**************************************

ক্রেতা ::-
*************

১। শ্রীমতী চারু চক্রবর্ত্তী, স্বামী শ্রী সন্দীপ চক্রবর্ত্তী, ২। শ্রী রাজা চক্রবর্ত্তী, ৩। শ্রী সুভাষ চক্রবর্ত্তী, পিতা শ্রী সন্দীপ চক্রবর্ত্তী, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী ও অধ্যয়ন, সাং - কৃষ্ণপুর, বারোয়ারীতলা, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা ॥

বিক্রেতা ......

Presented for Registration at......AM/PM
on the......29th......day of Jan 2003
at the Bidhannagar (Salt Lake City)
Addl. District Sub-Registry Office
By...... Dulal Roy Karmokar
.................................Executant/Claimant

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

(1) Dulal Roy Karmokar
S/o Ananda Mohan Roy Karmokar
(2) Dilip Roy Karmokar
(3) Pradip Roy Karmokar

S/o/W/o Lt. Nepal Roy Karmokar
of Krishnapur
Rajarhat

29 JAN 2003

1145

1146

1147

Dilip Roy Karmakar

by Biswanath Naskar
S/o/W/o/D/o Gopinath Naskar
of Krishnapur
P.S. Rajarhat

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
29 JAN 2003




:: ২ ::

বিক্রেতা ::-
*************

১। শ্রী দুলাল রায় কর্মকার, পিতা ঁ আনন্দ মোহন রায় কর্মকার, ২। শ্রী দিলীপ রায় কর্মকার, ৩। শ্রী প্রদীপ রায় কর্মকার, পিতা ঁ নেপাল রায় কর্মকার, সকলের জাতি - হিন্দু , পেশা - ব্যবসা, সাং - কৃষ্ণপুর, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা ।।

কস্য সম্পূর্ণ নিদর্দায় ও নির্দোষ অবস্থায় জমি জমা মায় কমন প্যাসেজের চলাচলের সুত্ব সমেত দরবস্ত হক্‌ক সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা পত্রমিদং কার্যঞ্চাগে::- জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিস্ট্রী মোং বিধাননগর সামীল কলিকাতা পরগণার মৌজা কৃষ্ণপুর গ্রামে ২২৮।২২৯ নং তৌজির হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার

বাহাদুর .....




:: ৩ ::

বাহাদুর অধিনে রায়ত দখলী স্বত্বীয় হাল ১০৬৩ নং খতিয়ান ভুক্ত .৭১ শতক জমি বার্ষিক ৩৴ টাকা আনা জমার জমি। যাহা আনন্দ মোহন রায় কর্মকার মহাশয়ের নিজ নামে রেকর্ডিয় খাস দখলী ভোগ দখলীয় সম্পত্তি থাকে। তিনি উক্ত সম্পত্তি নিজ খাসে নিব্যূঢ় সুত্রে ভোগ দখল করিতে থাকাকালে আমি ১ নং বিক্রেতা আমাকে পুত্র ও আমার অপর সহোদর অধুনা মৃত নেপাল রায় কর্মকার আমাদিগকে পুত্র বিধায় ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করিলে পর আমি ১ নং বিক্রেতা ও আমার সহোদর উক্ত নেপাল রায় কর্মকার তৎ ওয়ারেশ সূত্রে পুত্র বিধায় প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকাকালে আমার সহোদর নেপাল রায় কর্মকার মহাশয় আমরা ২ – ৩ নং বিক্রেতা আমাদিগকে পুত্র বিধয়া ওয়ারেশ রাখিয়া উক্ত নেপাল রায় কর্মকার মহাশয় পরলো গমন করিলে পর আমরা ২ – ৩ নং বিক্রেতা তৎ ওয়ারেশ সূত্রে পুত্র বিধায় প্রাপ্ত

হইয়াছি .....

INDIA NON JUDICIAL

५०० रू. Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES



হইয়াছি । এই প্রকারে উক্ত .৭৯ শতক জমির আমরা বিক্রেতা গণ ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া খাসে এজমালীতে ভোগ দখল করিয়া আসিতেছি । আমরা বিক্রেতা আমাদের নাম বরাবর খাজনা ও ট্যাক্সাদি আদায়ের রসিদ প্রাপ্ত হইতেছি। উহা দান, বিক্রয় করিবার আমাদের উত্তম নিব্যূঢ় সত্ত্ব বর্তমান আছে ।

এক্ষণে আমাদের নানা কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত সম্পত্তির মধ্যে হাল ৩৬৬০ দাগের জমির মধ্যে অত্র সহ দাখিলী নক্সায় চিহ্নিত নির্দিষ্ট ও লাল রেখা দ্বারা সীমাকৃত /১ এক কাঠা জমি মায় কমন প্যাসেজের চলাচলের সত্ত্ব মায় যাবতীয় ইজমেন্ট রাইট সহ বার্ষিক হারাহারী মতে ৮ পয়সা জমা । বর্তমান বাজার উচিৎ মূল্য বেলমোক্তা ৪৫,০০০ , পঁয়তাল্লিশ হাজার .....

100Rs.






হাজার টাকা পণে অত্র সাফ কোবালায় আপনাদের নিকট বিক্রয় করিলাম এবং আমাদের স্থলে আপনাদিগকে সম্পূর্ণ রূপে খাস দখল দিলাম । আপনারা অদ্য হইতে আমাদের যাবতীয় নিব্যূঢ় সুত্বে সুত্ববান, ভোগবান দখলে দখলীকার ও দান, বিক্রয় আদির সুত্বাধিকারী হইয়া মালিক সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমাদের নামের পরিবর্ত্তে আপনাদের নিজ নিজ নাম জারী পূর্ব্বক ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে খনন, ভরাট, ইট, ইমারতাদি নির্ম্মাণ পূর্ব্বক বসবাস আদির দ্বারা যদৃচ্ছা ব্যবহারে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । তাহাতে কস্মিনকালেও আমরা পুত্র, , পৌত্রাদি, ওয়ারিশানগণ ক্রমে কেহ কোন প্রকারে দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিবনা বা কেহ পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র বাতিল ও আদালত অগ্রাহ্য হইবে । বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু সুত্ব, সুামিত্ব, সংশ্রব, লভ্য, দাবী দাওয়া ইত্যাদি ছিল বা আছে

অদ্যই .....

100Rs.




:: ৬ ::

অদ্যই এই কোবালার বলে আপনাদিগতে সম্পূর্ণ রূপে বর্ত্তিল । বিক্রীত সম্পত্তি আমরা ইতি পূর্ব্বে অন্য কোথায় কোন প্রকার হস্তান্তর বা দায় সংযোগ করি নাই বা সুত্ব দখলের দোষ ত্রুটি নাই বা বেনাম করিয়া রাখি নাই বা আমরা কাহারও বেনামদার নহি বা বিক্রয় চুক্তিতে বায়না করিয়া রাখি নাই বা আমাদের কোন দেনার দায়ে আদালত কর্ত্তৃক ক্রোক নীলাম হয় নাই বা কাহাকেও বিলি বন্দোবস্ত দিই নাই বা উহা কোন প্রকার এ্যাকেয়ার স্কীম ভূক্ত সম্পত্তি নহে। উহা সম্পূর্ণ নিদর্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমাদের খাস দখলে থাকাকালীন অত্র সাফ কোবালায় আপনাদের নিকট বিক্রয় করিলাম এবং আমাদের স্থলে আপনাদিগকে সম্পূর্ণ রূপে খাস দখল দিলাম । বিশেষ ভাবে প্রকাশ থাকে যে, যদি কোন কারণে আপনাদিগকে আপনাদের খরিদা সম্পত্তি হইতে বেদখল বা ক্ষতি গ্রস্থ হইলে হয় তাহা হইলে আপনাদের সমূহ ক্ষতি পূরণ করিয়া দিতে বাধ্য রহিলাম । যদি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পায় তবে প্রচলিত আইন আমলে আসিয়া দায়ীক ও

দন্ডনীয় .....




:: ৭ ::

দন্ডনীয় হইব ও সমূহ ক্ষতি পূরণ করিয়া দিতে বাধ্য রহিলাম । আর যদি ভুল থাকা প্রকাশ পায় তবে যে কোন প্রকার সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে দলিলের মর্ম্ম সম্যক পাঠ করিয়া ও করাইয়া শুনিয়া অবগত হইয়া পণের লিখিত ৪৫,০০০ , পঁয়তাল্লিশ হাজার টাকা নিম্ন জায়মত নগদ গ্রহণ করিয়া স্বেচ্ছায় সুজ্ঞানে এই সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৪০৯ সালের ১৫ই ভাদ্র ইংরাজী ২০০৩ সালের ২৮ সেপ্ট -

।। তপশীল বিক্রীত সম্পত্তি ।।
*************************

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিস্ট্রী মোং বিধাননগর সামীল কলিকাতা পরগণার মৌজা কৃষ্ণপুর গ্রামে জে.এল. ১৭, রে.সা. ১৮০, তৌজি ২২৮।২২৯ নং ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিনে রায়ত দখলী স্বত্বীয় হাল ১০৬৩ নং

খতিয়ান ......

হাতিবাগান, কলকাতা - ৩৭ ।
- - - - - - - - - - - - - -

খতিয়ান ভুক্ত .৭৯ শতক জমি বার্ষিক ৩৭ আনা টাকা জমার মধ্যে রাজারহাট গোপালপুর পৌরসভার ১৬ নং ওয়ার্ড ভুক্ত

দাগ হাল ৩৬৬০ ছত্রিশ শত ষাট দাগে আমাদের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত শালী .২৪ শতক জমির মধ্যে অত্র সহ দাখিলী নক্সায় চিহ্নিত নির্দিষ্ট লাল রেখা দ্বারা সীমাকৃত প্যাসেজ সহ ১ এক কাঠা জমি মায় কমন প্যাসেজের চলাচলের সত্ত্ব মায় যাবতীয় ইজমেন্ট রাইট সহ বার্ষিক হারাহারী মতে '৮- পয়সা জমা। অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্র সহ দাখিলী নক্সাখানি দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

॥ চৌহদ্দি ॥

| | |
|---|---|
| উত্তরে ::- | হাল ৩৬৬০ দাগের জমি। |
| দক্ষিণে ::- | ৪' - ০ ফুট কমন প্যাসেজ যাহা কৃষ্ণপুর রাস্তার সহিত মিলিত হইয়াছে ও ১২' - ০ ফুট চওড়া কমন প্যাসেজ। |
| পূর্বে ::- | শ্রীমতী রুনু চক্রবর্ত্তী দিং। |
| পশ্চিমে ::- | হাল ৩৬৬১ দাগেরজমি। |

॥ টাকার জায় ॥

অদ্য তারিখে নগদ ৪৫,০০০, পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র।,

শ্রী [illegible]

মুসাবিদাকারক ::-

শ্রী দুলাল মন্ডল,
সাং - শুলংগড়ী, রাজারহাট,
লাইসেন্স নং [illegible]

টাইপকারক ::-

বীরেন সাহা
বীরেন সাহা
সাহা টাইপ চেম্বার,
হাতিয়াড়া, কলকাতা - ৫৯।

ই সা দী ::-

১। শ্রী [illegible]
২। [illegible]

N OF LAND AT MOUZA - KRISHNAPUR ; J.L NO - 17 ; R.S.NO - 180 ; T

229 ; IN R.S.KHATIAN NO - 1063 ; R.S.DAG NO - 3660 & 3652 UNDER - P.S. RAJAR

CT - NORTH 24 PARGANAS ; UNDER RAJARHAT GOPALPUR MUNICI

NO - 16 ; SCALE - 1" = 20'-0

D SOLD TO : - PL-(A) SRI - RANA - DAS ; AREA OF LAND - 1K

" " " " - (B) SMT - RANU CHAKRABORTY ; AREA OF LAND - 12

" " " " - (C) SMT - CHARU - CHAKRABORTY ; AREA OF LAND -

" " BY :- 1. DULAL ROY ; 2. DILIP ROY ; 3. PRADIP ROY ;

